# U.G. 6th Semester Examination - 2022

## BENGALI

### Course Code: BBNGSERT604

### Course Title: ভাষা শিক্ষণের কৌশল

পূর্ণমান : ৫০ সময় : ২ ঘণ্টা

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমানের নির্দেশক।*

সমস্ত প্রশ্ন বাধ্যতামূলক।

চারটি বিকল্পের মধ্য থেকে সঠিক উত্তরটি নির্বাচন করে লেখো:

২×২৫=৫০

১। নতুন ভাষা শিক্ষণের প্রাথমিক ধাপ হল —

ক) শুনতে শেখানো

খ) বলতে শেখানো

গ) লিখতে শেখানো

ঘ) পড়তে শেখানো

২। নিচের কোন্ বিবৃতিটি উপভাষা সম্পর্কে সঠিক?

ক) উপভাষা হল নিরাকার ভাষার প্রত্যক্ষ ব্যবহারিক রূপ।

খ) উপভাষা হল কোনো ভাষার আঞ্চলিক কথ্য রূপ।

গ) (ক) ও (খ) দুটোই ঠিক।

ঘ) কোনোটিই ঠিক নয়।

৩। ভাষার প্রাথমিক রূপ হল —

ক) চিহ্ন ভাষা

খ) ব্যাকরণ

[পরের পাতায়]

গ) লিখিত ভাষা

ঘ) মুখের ভাষা

৪। নিচের কোন্‌টি দক্ষতা উদ্দেশ্যের (Skill objectives) সঙ্গে সম্পর্কযুক্ত নয় —

ক) লেখা

খ) পড়া

গ) শোনা

ঘ) ভাষায় আগ্রহ

৫। নিচের কোন্‌টি কবিতা শিক্ষাদানের উদ্দেশ্য নয় —

ক) কবিতার রসাস্বাদানে সহায়তা করা।

খ) কবিতার বিষয়বস্তু উপলব্ধিতে সহায়তা করা।

গ) কবিতা পাঠে আগ্রহী করা।

ঘ) শব্দ প্রয়োগ ও ছন্দ-অলংকার সম্পর্কে ধারণা দেওয়া।

৬। নিচের কোন্ পদ্ধতিটি কবিতা পড়ানোর পদ্ধতি নয় —

ক) ব্যাখ্যা পদ্ধতি

খ) স্বাদনা পদ্ধতি

গ) অর্থবোধ প্রণালী

ঘ) আরোহী পদ্ধতি

৭। শিখনের ক্ষেত্রে কোন্ শ্রবণ বেশি কার্যকরী—

ক) বাধ্যতামূলক শ্রবণ

খ) স্বকর্ণে শ্রবণ

গ) অন্যের বর্ণনা মারফৎ শ্রবণ

ঘ) মনোযোগ সহকারে শ্রবণ

৮। শিক্ষার্থীকে শুদ্ধভাবে ভাষা ব্যবহারের কৌশল সম্পর্কে অবহিত করা যায় —

ক) ভালো রচনা পাঠের মাধ্যমে

খ) সাহিত্যানুশীলন মূলক কাজের মাধ্যমে

গ) ব্যাকরণ শিক্ষার মাধ্যমে

ঘ) ভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগ বৃদ্ধির মাধ্যমে

৯। দোয়েল নীরবে পড়তে গেলেও ফিস ফিস করে শব্দ করে। কারণ-

ক) সরবে পড়তে ভালবাসে।

খ) কথা বলতে পছন্দ করে।

গ) নীরব পাঠে অভ্যস্থ হয়নি।

ঘ) নীরবে পড়লে মনে রাখতে পারে না।

১০। পাঠ পড়ার পরে শিশু প্রশ্ন করলে —

ক) এটা জানা যায় যে শিশু প্রশ্নবাচক শব্দের সঙ্গে পরিচিত হয়নি।

খ) শিশু কতটা গভীরভাবে বিষয় উপলব্ধি করেছে সেটা শিক্ষক জানার অবকাশ পান।

গ) শ্রেণিকার্য খুব ভালোভাবে পূরণ হয়েছে বলে ধরে নিতে হবে।

ঘ) প্রশ্ন করার কৌশলের বিকাশ হচ্ছে।

১১। স্বাদনা পাঠ সাধারণত ব্যবহার করা হয় —

ক) প্রবন্ধ পাঠের ক্ষেত্রে

খ) সংবাদপত্র পাঠের ক্ষেত্রে

গ) উপন্যাস পাঠের ক্ষেত্রে

ঘ) কবিতা পাঠের ক্ষেত্রে



১২। কোনো কবিতা পড়তে গিয়ে সমধর্মী কবিতার উল্লেখ করলে যে পদ্ধতি অনুসরণ করা হয় —

ক) স্বাদনা পদ্ধতি

খ) তুলনা পদ্ধতি

গ) ব্যাখ্যা পদ্ধতি

ঘ) সংযুক্ত পদ্ধতি

১৩। নিচের কোন্‌টি ব্যাকরণ শিক্ষার উদ্দেশ্য নয় —

ক) ভাষা ব্যবহারের কৌশল সম্পর্কে অবহিত করা।

খ) যুক্তি ও বিচার শক্তির বিকাশ ঘটানো।

গ) ভাষা ও সাহিত্যের প্রতি অনুরাগ সৃষ্টি করা।

ঘ) সাহিত্যের রসাস্বাদনে সহায়তা করা।

১৪। ব্যাকরণ শিক্ষার ক্ষেত্রে শিক্ষক মূর্ত বিষয় থেকে বিমূর্ত বিষয়ের দিকে অগ্রসর হন —

ক) আরোহী পদ্ধতির মাধ্যমে

খ) অবরোহী পদ্ধতির মাধ্যমে

গ) সূত্র পদ্ধতির মাধ্যমে

ঘ) বিশ্লেষণ পদ্ধতির মাধ্যমে

১৫। ব্যাকরণ পাঠের ক্ষেত্রে অবরোহী পদ্ধতি হল —

ক) সংজ্ঞা বা সূত্র থেকে উদাহরণে যাওয়া।

খ) উদাহরণ থেকে সংজ্ঞা বা সূত্রে যাওয়া।

গ) সংজ্ঞা মুখস্ত করানো।

ঘ) ব্যাকরণ বই অনুযায়ী পড়ানো।

১৬। বাংলা বানান ভুলের অন্যতম কারণ হল যে, বাংলা বানান—

ক) শ্রুতি নির্ভর

খ) স্মৃতি নির্ভর

গ) ব্যাকরণ নির্ভর

ঘ) শ্রুতি ও স্মৃতি নির্ভর

১৭। 'পশ্চিমবঙ্গ বাংলা আকাদেমি'র বানান বিধি অনুযায়ী অতৎসম শব্দের বানান সম্পর্কে নিচের কোন্‌টি প্রযোজ্য নয়?

ক) অতৎসম শব্দে কেবল উ-কার ব্যবহার হবে।

খ) অতৎসম শব্দের শেষে উচ্চারণ অনুযায়ী ও-কার লেখা সংগত।

গ) অতৎসম শব্দে ঈ-কারের পরিবর্তে ই-কার লেখা হবে।

ঘ) ণ-ত্ব বিধান মেনে চলতে হবে।

১৮। নিচে প্রদত্ত কোন্ শব্দটির বানান ভুল আছে —

ক) বাল্মীকি

খ) মধ্যাহ্ন

গ) বুদ্ধিজীবি

ঘ) পরিণাম

১৯। শিশু যখন 'জল খাব' বলতে গিয়ে 'দল খাব' বলে, তখন বুঝতে হবে —

ক) ভাষা শিখন সঠিক হয় নি।

খ) শোনার ক্ষেত্রে ত্রুটি আছে।

গ) 'জ' ধ্বনিটি সঠিকভাবে উচ্চারণ করতে পারে না।

ঘ) এটা ইচ্ছাকৃত।



২০। একজন প্রগাঢ় অনুগত শ্রোতা যেভাবে শোনেন —

ক) মনোযোগ

খ) ধৈর্য্য সহকারে

গ) নিয়মানুবর্তিতা

ঘ) উন্নতি

২১। একজন ভাষা শিক্ষক লিখন কৌশল শেখাতে পারেন —

ক) শ্রুতি লিখনের মধ্য দিয়ে।

খ) শিশুকে পরিচ্ছন্নভাবে লিখতে বলে।

গ) ছাত্রদের জ্ঞানবুদ্ধির ধারণা দিয়ে এবং তাদের নিজের ভাষায় লিখতে বলে।

ঘ) উপরের সবকটির মধ্য দিয়ে।

২২। পঠন কৌশলে সবচেয়ে গুরুত্বপূর্ণ হল —

ক) শব্দের শুদ্ধরূপ উচ্চারণ করা।

খ) কেবল অক্ষর চেনা।

গ) দ্রুত গতিতে পড়া।

ঘ) সন্দর্ভ অনুসারে অর্থগ্রহণ করা।

২৩। নির্ভুলভাবে সরবে পড়তে পারা বলতে বোঝায় —

ক) সঠিক গতিতে পড়া।

খ) পাঠের মধ্য দিয়ে বিষয় উপলব্ধি করা।

গ) ছন্দ মেনে স্পষ্ট উচ্চারণে পড়া।

ঘ) উপরের সবগুলি।

২৪। যদি কোনো শিক্ষার্থী কথা বলার সময় ভুল করে তাহলে তুমি কী করবে —

ক) ভুল হওয়া স্বাভাবিক বলে এড়িয়ে যাবে।

খ) ভুলগুলোকে বড় করে দেখবে।

গ) ভুলগুলো সংশোধন করে দেবে।

ঘ) ভুলগুলো কীভাবে কমানো যায় তার ব্যবস্থা করবে।

২৫। শিশুর কাছে ভাষা শিক্ষাকে সজীব ও প্রাণবন্ত করে তোলে যে পাঠ—

ক) সরব পাঠ

খ) নীরব পাঠ

গ) স্বাদনা পাঠ

ঘ) চর্বনা পাঠ

————————